

“মুজিব বর্ষে  
বিআরডিবি’র অঙ্গীকার  
স্বনির্ভর সমৃদ্ধ পল্লী  
গড়ার”

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড  
৫ কাওরানবাজার, ঢাকা-১২১৫  
প্রোগ্রামিং শাখা ডেস্ক-১



...

সভাপতি	এস. এম. মাসুদুর রহমান পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	২৯/০৮/২০২১ খ্রি.
সভার সময়	বেলা- ১২:০০ ঘটিকা
স্থান	অফিস কক্ষ, পরিচালক (প্রশাসন), বিআরডিবি, ঢাকা
উপস্থিতি	পরিশিষ্ট-ক

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২০২২ এর নতুন কার্যক্রমসমূহ সঠিকভাবে বাস্তবায়নে তিনি সকলের নিকট গঠনমূলক পরামর্শ প্রত্যাশা করেন। সে মোতাবেক বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

ক্রঃ নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০২১-২২	<p>i) উপপরিচালক (প্রোগ্রামিং) সভাকে জানান যে, ২০২১-২২ অর্থবছরের ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা দপ্তর/সংস্থার জন্য একটি এবং মাঠ পর্যায়ের জন্য আলাদাভাবে মন্ত্রী পরিষদ বিভাগ কর্তৃক তৈরি করা হয়েছে;</p> <p>ii) তাছাড়া ২০২১-২২ অর্থবছর থেকে ই-গভর্ন্যান্স মূল্যায়ন কার্যক্রম এপিএ’র মাধ্যমে সম্পন্ন হবে মর্মে সভায় জানানো হয়;</p> <p>iii) বিআরডিবি’র প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদারকরণ, সুশাসন সংহত এবং সম্পদ যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প-২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে মন্ত্রিপরিষদ বিভাগ এর নির্দেশনা এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগের তত্ত্বাবধানে বিআরডিবি’র ই- গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা-২০২১-২০২২ প্রনয়ণ স্মারকঃ, তারিখঃ খ্রিঃ পত্র প্রেরণ করা হয়েছে।</p>	নির্দিষ্ট সময়ের মধ্যে কর্মপরিকল্পনা অনুযায়ী কার্যক্রম বাস্তবায়ন করতে হবে।	ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি

২.	২০২১-২২ অর্থবছরের উদ্ভাবনী ধারণা আহ্বান	সভায় উপপরিচালক (প্রোগ্রামিং) উপস্থিত সকলকে অবহিত করেন যে, ২০২১-২২ অর্থবছরে দপ্তর/সংস্থার জন্য প্রণীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটির কর্মসম্পাদন ক্ষেত্র ১ এর ১.১. এর ১.১.১. কর্মসম্পাদনসূচক উদ্ভাবনী ধারণ আহ্বান ও বাস্তবায়নের বিষয়ে কর্মসম্পাদন সূচকমান ০৫ ধরা হয়েছে। এটি বাস্তবায়নে মাঠ পর্যায় ও সদর দপ্তর পর্যায় থেকে উদ্ভাবনী ধারণা আহ্বানের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	এ লক্ষ্যমাত্রা অর্জনে যতদূত সম্ভব পত্র প্রেরণ করতে হবে।	উপপরিচালক (প্রোগ্রামিং)
৩.	২০২১-২২ অর্থবছরের সেবা সহজিকরণের জন্য সেবা আহ্বান	উপপরিচালক (প্রোগ্রামিং) সভার সকলকে আরও অবহিত করেন যে, ২০২১-২২ অর্থবছরে দপ্তর/সংস্থার জন্য প্রণীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটির কর্মসম্পাদন ক্ষেত্র ১ এর ১.২. এর কর্মসম্পাদন সূচক ১.২.১. এ সেবা সহজিকরণের জন্য সেবা আহ্বান ও বাস্তবায়নের বিষয়ে কর্মসম্পাদন সূচকমান ০৫ ধরা হয়েছে। এটি বাস্তবায়নে মাঠ পর্যায় ও সদর দপ্তর পর্যায় থেকে সেবা সহজিকরণ আহ্বানের বিষয়ে আলোচনা হয়।	এ লক্ষ্যমাত্রা অর্জনে যতদূত সম্ভব পত্র প্রেরণ করতে হবে।	উপপরিচালক (প্রোগ্রামিং)
৪.	সেবা ডিজিটাইজেশন	২০২১-২২ অর্থবছরে দপ্তর/সংস্থার জন্য প্রণীত ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটির কর্মসম্পাদন ক্ষেত্র ১ এর ১.৩. এর ১.৩.১. সেবা ডিজিটাইজেশন ও বাস্তবায়নের বিষয়ে সূচকমান ০৫ ধরা হয়েছে। এটি বাস্তবায়নে মাঠ পর্যায় ও সদর দপ্তর পর্যায় থেকে একটি সেবা ডিজিটাইজেশন আহ্বান করা যেতে পারে মর্মে বিস্তারিত আলোচনা হয়।	আগামী ৩১/১২/২০২১ তারিখের মধ্যে একটি সেবা ডিজিটাইজেশন পূর্বক তা সকলকে জানিয়ে দেয়ার ব্যবস্থা করা হবে।	উপপরিচালক (প্রোগ্রামিং)
৫.	বাস্তবায়িত উদ্ভাবনী ধারণা, সহজিকৃত ও ডিজিটাইজকৃত সেবার বিষয়ে অগ্রগতি পর্যালোচনা	বিআরডিবি'তে এ পর্যন্ত বাস্তবায়িত উদ্ভাবনী ধারণাসমূহ, সেবা সহজিকৃত এবং ডিজিটাইজকৃত সেবা গুলোর অগ্রগতি জানা প্রয়োজন মর্মে সভায় জানানো হয়। মাঠ পর্যায় থেকে অগ্রগতির তথ্য আনয়নের লক্ষ্যে স্মারকঃ ১৪০ তারিখঃ ২৪ আগস্ট ২০২১ পত্র প্রেরণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়।	প্রাপ্ত অগ্রগতিসমূহ পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	উপপরিচালক (প্রোগ্রামিং)
৬.	বিবিধ	২০১৮ সালে বিআরডিবি'র উদ্ভাবন টিম গঠন ও অফিস আদেশ জারি করা হয়। ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি ২০২১-২০২২ অর্থবছরে নতুনভাবে প্রণীত হওয়ায় এবং পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ এর সভায় ই- গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি নতুনভাবে গঠিত করার বিষয়ে নির্দেশনা রয়েছে মর্মে সভায় জানানো হয়।	ই- গভর্ন্যান্স ও উদ্ভাবন কমিটি গঠন প্রস্তাব সম্বলিত নথি দ্রুত উপস্থাপন করতে হবে।	



এস. এম. মাসুদুর রহমান  
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

স্মারক নম্বর: ৪৭.৬২.০০০০.৪১১.০৬.০৯৭.১৮.৮

তারিখ: ৮ আশ্বিন ১৪২৮

২৩ সেপ্টেম্বর ২০২১

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) পরিচালক, অর্থ ও হিসাব বিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
- ২) যুগ্মপরিচালক, সমবায়, ঋণ ও বাজারজাতকরণ অনুবিভাগ, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
- ৩) উপপরিচালক, পরিকল্পনা শাখা, বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
- ৪) মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
- ৫) সহকারী পরিচালক (পদাবিক), বিআরডিবি, ঢাকা।
- ৬) পরিচালক (প্রশাসন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।



নাজনীন খানম  
উপপরিচালক